

সহকারী প্রধান ও প্রধান শিক্ষকের যোগ্যতা বিষয়ে হাইকোর্টের রুলনিশি

একাধিক বিভাগধারী অতিরিক্ত ও দক্ষ শিক্ষকরা সহকারী প্রধান শিক্ষক বা প্রধান শিক্ষক কেন হতে পারবেন না—তার কারণ জানতে চেয়ে হাইকোর্ট সোমবার রুলনিশি জারি করেছেন। ২৭ আগস্ট নিকা ময়গাদায় থেকে জারিকৃত এক প্রজ্ঞাপনের বিরুদ্ধে সরকারবিরোধী শিক্ষক মোর্চা শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের কয়েকজন নেতা র মামলার পরিপ্রেক্ষিতে বিচারপতি নাইনা হাফনার ও বিচারপতি মোঃ খোরশেদ আলম সরকারের সম্মুখে গঠিত হাইকোর্টের বেঞ্চ এ রুলনিশি জারি করেন। এতে শিক্ষা দচিবকে কারণ দর্শাতে বলা হয়েছে।

হাইকোর্টের সিনিয়র জাজডেভোকেট এবিএম মুহম্মদ ইসলাম শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের নেতা কুমিল্লার নরিচা সাইয়েদ আলী হুসেদ ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক শাহ আলম হুইচার পক্ষে মামলাটি পরিচালনা করেন। অপরদিকে একইদিনে বিচারপতি সৈয়দ রিফাত আহমেদ ও শেখ হাসান আরিফ এর সম্মুখে গঠিত বেঞ্চ থেকেও সরকারকে কারণ দর্শানোর জন্য বলা হয়েছে। আরেকটি মামলা করেন মৌলভীবাজার বড়শেখা উপজেলায় ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক এবং শিক্ষক-কর্মচারী ঐক্যজোটে নেতা মোঃ রিয়াজুল ইসলাম গং। মামলাটি পরিচালনা করেন ব্যারিস্টার মাদেদ আহমেদ।

শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের চেয়ারম্যান অধ্যক্ষ মোঃ শেখিম হুইচা এক বিবৃতিতে বলেন, এখন থেকে শিক্ষক স্বার্থবিরোধী সব প্রজ্ঞাপনের বিরুদ্ধে তারা হাইকোর্টে মামলা চালিয়ে যাবেন। সংবাদ বিজ্ঞপ্তি।